**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) সড়ক দুর্ঘটনা হ্রাস করতে রাজ্য সরকার সব ধরনের চেষ্টা চালাচ্ছে -বলেছেন মুখ্যমন্ত্রী ।**

**(২) সমাজের অনগ্রসর অংশের জনগনের কল্যানে ছাত্রছাত্রীদের অবদান রাখাতে রাজ্যপালের আহ্বান ।**

**(৩) আগরতলায় এবারে মায়ের গমন কার্নিভাল আগামী ১৪ অক্টোবর অনুষ্ঠিত হবে ।**

**(৪) আজ আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস সারা দেশে উদযাপিত হচ্ছে ।**

**(৫) সোনামুড়ার বক্সনগরে মুখ্যমন্ত্রী আজ দ্বিতীয় MLA কাপ টুর্নামেন্টের উদ্বোধন করেন ।**

*******************************************

**CM -Road safety:**

পথ দুর্ঘটনা এড়াতে জনগনকে সচেতন করে তোলার লক্ষ্যে আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে সড়ক সুরক্ষা বিষয়ক এক কর্মসূচির আয়োজন করা হয়। পরিবহন দপ্তর এবং ট্রাফিক পুলিশের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, রাজ্যে বর্তমানে সাড়ে সাত লক্ষের বেশি যানবাহন রয়েছে। এরমধ্যে পাঁচ

লক্ষের বেশি মোটর বাইক রয়েছে। যানবাহনের তুলনায় রাজ্যে সড়ক দুর্ঘটনার অনেক কম বলে মুখ্যমন্ত্রী জানান। তারপরও যাতে সড়ক দুর্ঘটনা কমানো যায় এইজন্য সরকার সব ধরনের চেষ্টা চালাচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া সহ অন্যানরা। মুখ্যমন্ত্রী সহ অতিথিরা সবুজ পতাকা নেড়ে মোট ১৬টি অত্যাধুনিক সুবিধা যুক্ত ইন্টার সেফটি ভ্যানের যাত্রা শুরু করেন। এদিন অনুষ্ঠান মঞ্চে পরিবহন সচেতনতা সংক্রান্ত দুটি পুস্তকের আবরণ উন্মোচন করেন অতিথিরা।

******************

**T.U. Convocation:**

সমাজের অনগ্রসর অংশের জনগনের কল্যানে ছাত্রছাত্রীদের নিজেদের অবদান রাখার জন্য রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু আহ্বান জানিয়েছেন। আজ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ত্রয়োদশ সমাবর্তন অনুষ্ঠানে দিক্ষান্ত ভাষণে রাজ্যপাল এই আহ্বান জানান। তিনি বলেন, সারা বিশ্বেই শিক্ষা ব্যবস্থার আমুল পরিবর্তন হচ্ছে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্তিম বুদ্ধিমত্তার মতো আধুনিকতম পদ্ধতির ব্যবহার বাড়ছে। এখানেও আধুনিক শিক্ষা পদ্ধতির অবলম্বন করা প্রয়োজন। কিন্তু তারজন্য বুনিয়াদী শিক্ষা বিষয়ের উপর সমান গুরুত্ব দেওয়া দরকার। তিনি বলেন, সরকার জাতীয় শিক্ষানীতি এন ই পি ২০২০ চালু করেছে। এই শিক্ষানীতির অন্যতম উদ্দেশ্য হল বিভিন্ন শিক্ষাগত যোগ্যতা অনুসারে কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত ভারত অর্থাৎ উন্নত আত্মনির্ভরশীল দেশ হিসাবে গড়ে তুলতে

লক্ষ্যমাত্রা নিয়েছেন। একাজেও বিশ্ব বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ভুমিকা নিতে বলেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের আচার্য আহমেদ জাভেদ, উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার দীপক শর্মা। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ১৬৩ জন ছাত্রছাত্রীকে শিক্ষা ক্ষেত্রে তাদের যোগ্যতা নিরিখে পদক প্রদান করা হয়।

******************

**World Physiotherapy Day:**

বিশ্ব ফিজিওথেরাপি দিবস উপলক্ষে আজ আগরতলা প্রেস ক্লাবে মেগা ফিজিওথেরাপি ক্যাম্প ও সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। আগরতলা প্রেস ক্লাবের উদ্যোগ এবং ভারতীয় ফিজিওথেরাপিস্ট এসোসিয়েশনের রাজ্য শাখার সহযোগিতায় আয়োজিত এই শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরিষ্ঠ সাংবাদিক সুবল কুমার দে, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য, এসোসিয়েশনের উপদেষ্টা সুজিত রায় সহ অন্যান্যরা। এদিকে, আজ সকালে এই দিবস উপলক্ষ্যে ইন্ডিয়ান এসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট রাজ্য শাখার উদ্যোগে আগরতলা শহরে এক সচেতনতামূলক পদযাত্রা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন দ্রোণাচার্য পুরস্কার প্রাপ্ত কোচ বিশ্বেশ্বর নন্দী সহ অন্যান্যরা।

******************

**PIB:**

প্রেস ইনফরমেশন ব্যুরো PIB-এর তথ্য অনুসন্ধানকারী ইউনিটের পক্ষ থেকে এক সতর্কবার্তায় বলা হয়েছে যে প্রধানমন্ত্রী 'কুসুম যোজনায়' নাম নথিভুক্ত করার জন্য কিছু প্রতারক ৮ হাজার

টাকা চাইছে। সুবিধাভোগীর কাছে সরকারী অনুমোদনপত্র পাঠিয়ে বলা হচ্ছে যে, এই প্রকল্পে ৮ হাজার টাকা দিয়ে নাম নথিভুক্ত করলেই মঞ্জুরি মিলবে। সংশ্লিষ্ট সরকারী কতৃপক্ষ এ ধরনের অর্থ প্রদানের বিষয়টি সম্পূর্ণ অস্বীকার করেছে। কেন্দ্রীয় নয়া এবং পূর্ণ নবীকরণযোগ্য শক্তিমন্ত্রক থেকে বলা হয়েছে পি.এম কুসুম সংক্রান্ত যেকোন তথ্যের জন্য মন্ত্রকের ওয়েসাইট pmkusum.mnre.gov.in দেখে নিতে।

******************

**Poshan mash:**

সারা দেশের সঙ্গে রাজ্যেও চলতি সেপ্টেম্বর মাস জুড়ে চলছে রাষ্ট্রীয় পোষণ মাস বা পুষ্টি মাস । রাজ্যের সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিকে নিয়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে এই পুষ্টি মাস পালন করা হচ্ছে । এই কর্মসূচীতে শিশু, কিশোর-কিশোরীদের ও গর্ভবতী মায়েদেরকে নিয়ে পুষ্টিকর খাবার, দেশী ও স্থানীয় খাবারের ওপর খাদ্য পরিবেশন করা হচ্ছে। এছাড়া, কিশোরী সহ মহিলাদের রক্তাল্পতা দূরীকরণের জন্য শিবির করে স্বাস্থ্য পরিষেবা দেওয়া হচ্ছে। সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা চন্দ্রাণী বিশ্বাস আকাশবানীকে জানিয়েছেন প্রতি বছর রক্তাল্পতা বা এনিমিয়ায় আক্রান্তের সংখ্যা ২ শতাংশ করে কমানোর জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান রাজ্যের ১০ হাজার ৭৩৫টি অঙ্গনওয়াড়ি সেন্টারে স্মার্ট ফোন দেওয়া হয়েছে, যাতে শিশু ও মায়েদের পুষ্টি সহ স্বাস্থ্য জনিত বিভিন্ন বিষয় ফোনের পোষণ-ট্রেকার এপ্লিকেশনের মাধ্যমে অঙ্গনওয়াড়ি কর্মীরা পর্যবেক্ষণ করতে পারেন ও পরবর্তীতে যথাযথ সংশোধনী ব্যবস্থা নেওয়া যায় । রাজ্যে ৪হাজার ৫১১টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এলপিজি গ্যাস কানেকশন দেওয়া হয়েছে বলেও জানান শ্রীমতি বিশ্বাস।

******************

**PM-SPORTS:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশে খেলাধুলার উন্নতিতে বিশেষভাবে জোর দিয়েছেন। এই লক্ষ্যে  বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ  ৪৪-তম অলিম্পিক কাউন্সিল অফ এশিয়ার সাধারণ অধিবেশনে  এ কথা বলেন। তিনি বলেন, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের বাজেট বরাদ্দ তিনগুণ বাড়ানো হয়েছে। বর্তমানে  ৩৪টি ক্রীড়া শাখায় ৫০০০ ছেলে এবং ৩০০০ মেয়েকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ।

******************

**Carnival:**

মায়ের গমন এবং শারদ সম্মান নিয়ে আজ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় আগরতলা মুক্তধারা অডিটোরিয়ামে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার,  পশ্চিম ত্রিপুরা জেলাশাসক, পুলিশ সুপার এবং বিভিন্ন ক্লাবের সভাপতি, সম্পাদকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে তথ্য সচিব প্রদীপ চক্রবর্তী মায়ের গমন এবং শারদ সম্মান প্রদানের বিষয়ে একটি রূপরেখা তুলে ধরেন। তিনি বলেন এবারে মায়ের গমন কার্নিভাল আগামী ১৪ অক্টোবর অনুষ্ঠিত হবে। প্রতিমা তৈরির ক্ষেত্রেও উচ্চতা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। মায়ের গমন কার্নিভালে কোন ডিজে ব্যবহার করা যাবেনা।

******************

**International literacy Day:**

আজ আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস। এ বছর আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবসের ভাবনা হলো-"মাতৃভাষার উন্নয়ন- পারস্পরিক বোঝাপড়া ও শান্তির জন্য স্বাক্ষরতা আজ দিল্লিতে আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেন যে নয়া জাতীয় শিক্ষানীতি যুব সম্প্রদায়কে তাদের শক্তি এবং মেধাকে সম্পূর্ণভাবে বিকশিত করার সুযোগ দিয়েছে। উপরাষ্ট্রপতি তাঁর ভাষণে আরও বলেন যে স্বাক্ষরতা পরনির্ভরতার পরিবর্তে স্বাধীনতা নিয়ে আসে। শ্রী ধনখড় বলেন যে কাউকে স্বাক্ষর করে তোলা মানবতার প্রতি উৎসর্গীকৃত একটি সেবাকর্ম। তিনি প্রত্যেককে অন্তত একজন নিরক্ষর ব্যক্তিকে স্বাক্ষর করে তোলার শপথ নিতে আহ্বান জানান।

******************

**International literacy Day-Khowai:**

খোয়াই মহকুমা আইন সেবা কমিটির উদ্যোগে এবং সোনাতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের এন.এস.এস. ইউনিট এর সহযোগিতায় এক সুসজ্জিত রেলির মধ্য দিয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয় । খোয়াই মহকুমা আইন সেবা কমিটির পক্ষ থেকে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইনি সেচ্ছাসেবক অমর চন্দ্র দাস, সোনাতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের টিচার কাউন্সিলের সচিব পঙ্কজ আচার্য, বিদ্যালয়ের এন.এস.এস. প্রোগ্রাম অফিসার অমিতা বর্মন নন্দী । এই উপলক্ষ্যে অনুষ্ঠিত হয় একটি আলোচনা চক্র।

******************

**Conference:**

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক রিটায়ার্ড স্টাফ এসোসিয়েশনের ৫ম দ্বি বার্ষিক সম্মেলন আজ আগরতলার ত্রিপুরা স্টুডেন্ট হেল্‌থ হোমের প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়। সম্মেলনের সূচনা করেন ত্রিপুরা গ্রামীণ

ব্যাংক কর্মচারী সামিতির প্রথম সাধারন সম্পাদক তথা  গায়ক পান্না লাল দত্ত। এছাড়া প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কর্নাটক NFRRBS -র সাধারণ সম্পাদক গণপতি হেগড়ে ও প্রধান বক্তা ছিলেন কোলকাতা  NFRRBO -র সাধারণ সম্পাদক আব্দুল সৈয়দ খাঁন। সম্মেলনে বর্তমান আর্থ সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে নিয়ে আলোচনা হয়। এছাড়া অবসর প্রাপ্তদের ন্যায্য অধিকার ও দাবি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সম্মেলন থেকে সর্বসম্মতিক্রমে আগামী দুই বছরের জন্য ২১ সদস্যের এক কমিটি গঠন করা হয়। কমিটির সভাপতি হয়েছেন সুব্রত মজুমদার ,সাধারন সম্পাদক  বিকাশ রঞ্জন দেবনাথ।

*****************

**Opposition Leader:**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ স্থানীয় জন প্রতিনিধি সহ সাব্রুমের ইন্দিরানগর গ্রাম পঞ্চায়েতের দাস পাড়া এলাকায় ফেনি নদীর পাড়ের বন্যায় ভেঙে যাওয়া বাঁধের অংশটি পরিদর্শন করেন। তিনি সেখানে গিয়ে সীমান্তে প্রহরারত বিএসএফ জওয়ানদের সঙ্গে কথা বলে বন্যার সময়ের পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন। ১৯৮২ সালে তৈরি হওয়া মাটির  বাঁধটি এবার ভেঙে যাওয়ায় অন্যতম শস্য ভান্ডার গোবিন্দ মাঠে কৃষকদের ধান সব্জি সহ অনান্য চাষের ব্যাপক ক্ষয়ক্ষতি হয় বলে জানিয়েছেন শ্রী চৌধুরী। এই বাঁধটি বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে আরও আধুনিক পদ্ধতিতে তৈরি করতে সরকারের কাছে দাবি জানাবেন বলে তিনি জানান। বিরোধী দলনেতা এদিন হরিনা, নবগ্রাম, বিজয়নগর ও  গোবিন্দ মাঠে গিয়েও বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের বাড়িঘর ও কৃষকদের ফসলের মাঠ পরিদর্শন করেন।

*****************

**DYFI:**

বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের দাবিতে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে পক্ষকাল ব্যাপী কর্মসূচিতে নামছে বাম ছাত্র যুবক সংগঠন। আজ মেলার মাঠ ছাত্র যুব ভবনে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন ডি ওয়াই এফআই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক। তিনি বলেন আগামী ১৫ সেপ্টেম্বর দাবি দিবসের অঙ্গ হিসেবে সবার জন্য কাজ, শিক্ষার দাবিতে আগরতলায় মিছিল ও সভার মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হবে। সাংবাদিক সম্মেলনে বর্তমান সরকারের বিধানসভায় দেওয়া কর্মসংস্থানের তথ্য তুলে ধরে সমালোচনা করেন ডিওয়াইএফ আই রাজ্য সম্পাদক নবারুণ দেব।

******************

**Football, CM Boxanagar:**

দেশের প্রধানমন্ত্রী, গৃহমন্ত্রী, রাজ্য সরকার ও রাজ্যের আপামোর জনগনের ঐকান্তিক প্রচেষ্টায় ভয়াবহ বন্যা পরিস্থিতি ধীরে ধীরে কাটিয়ে উঠছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। আজ বক্সনগর মিনি স্টেডিয়ামে দ্বিতীয় MLA কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। এই পরিস্থিতে বক্সনগরে এই ফুটবল টুর্নামেন্টের আয়োজন কারার জন্যে উদ্যোক্তাদের ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। উদ্বোধনী খেলায় নয়নজলা আপন দুলাল একাদশ টাইব্রেকার উত্তর কলমচৌড়া এফ.সি দলকে পরাজিত করেন। উদ্বোধনী পর্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, পুলিশ সুপার বি.জে রেড্ডি প্রমুখ।

******************

**Weather – IMD:**

ভারতীয় আবহাওয়া বিভাগ সূত্রে জানা গেছে, বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ শক্তি বাড়িয়ে আজ গভীর নিম্নচাপে পরিণত হয়েছে এবং উত্তর দিকে এগোচ্ছে। এটি ওড়িশা ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গ উপকূলে অতি গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল সন্ধ্যার মধ্যে এটি দিঘা ও পুরীর মাঝে স্থলভাগে প্রবেশ করবে। এরপর পশ্চিম ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, উত্তর ওডিশা, ঝাড়খন্ড ও উত্তর ছত্রিশগড়ের দিকে সরে যাবে।

আবহাওয়া দপ্তর থেকে আরও জানান হয়েছে যে এই সপ্তাহে ত্রিপুরা সহ আসাম এবং মনিপুরের কিছু অংশে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে, রাজ্যের আবহাওয়া দপ্তর থেকে বলা হয়েছে আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি এবং সর্বনিম্ন২৭ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

******************

******************